গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২১-১০৬৮

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩২ / ২৩ নভেম্বর ২০২৫

প্রাপক: চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়
স্থানীয় সরকার বিভাগ
সিজিএ ভবন (৫ম তলা, গেট নং-৪), সেগুনবাগিচা, ঢাকা

**বিষয়: চলতি ২০২৫-২৬ অর্থ বছরের এডিপিতে 'সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা' খাতের (কোড নং-২২১০০০৮০০) 'বিশেষ বরাদ্দ' উপ-খাত হতে রংপুর সিটি কর্পোরেশনের অনুকূলে এককালীন অর্থ অবমুক্তি।**

চলতি ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে 'সিটি কর্পোরেশন উন্নয়ন সহায়তা' খাতে (কোড নং-২২১০০০৮০০) বরাদ্দকৃত অর্থের অনুমোদিত বিভাজন মোতাবেক স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়-এর মাননীয় উপদেষ্টার অভিপ্রায় অনুসারে 'বিশেষ বরাদ্দ' উপ-খাত (অর্থনৈতিক কোড নং-৪১১১৩১৭) হতে 'রংপুর সিটি কর্পোরেশনের ১৪ নং ওয়ার্ডের কেন্দ্রীয় বাস টার্মিনাল হতে বড়বাড়ী হয়ে গোলাগঞ্জ বাজার পর্যন্ত রাস্তাটি সংস্কার ও প্রশস্থতা বৃদ্ধিকরণ' এর লক্ষ্যে **রংপুর সিটি কর্পোরেশন** এর অনুকূলে এককালীন **১০.০০ (দশ) কোটি টাকা** নিম্নোক্ত শর্তে অবমুক্তিতে সরকারি মঞ্জুরি জ্ঞাপন করছি।

২। এ ব্যয় চলতি ২০২৫-২৬ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন বাজেটের মঞ্জুরি নং-৩৪, হিসাবের খাত ১৩৭-১৩৭০১-২২১০০০৮০০ 'সিটি কর্পোরেশনের জন্য উন্নয়ন সহায়তা' খাতে বরাদ্দকৃত অর্থ (অর্থনৈতিক কোড নং-৪১১১৩১৭) হতে মিটানো হবে।

৩। অর্থ বিভাগের ৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০০৩.২০১১(অংশ-১)-৩৬৭ এবং ১৬ নভেম্বর ২০২৫ তারিখের ০৭.১১১.০১৪.০১.০০৩.২০১১(অংশ-১)-৪৫৭ নং স্মারকমূলে প্রদত্ত সম্মতির পরিপ্রেক্ষিতে ও নিম্নবর্ণিত শর্তে এ অর্থ ছাড় করা হলো:

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিএ-২০০৬ ও পিপিআর-২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
২. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল উত্তোলনকারী কর্তৃপক্ষ দায়ি থাকবে;
৩. অব্যয়িত অর্থ ৩০ জুন ২০২৬ তারিখের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে;
৪. বরাদ্দকৃত অর্থের ব্যয় বিবরণী এ বিভাগে প্রেরণ করতে হবে; এবং
৫. অর্থ বিভাগের ০৮.০৭.২০২৫ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-০৭ সংখ্যক পরিপত্র যথাযথভাবে অনুসরণ করতে হবে (প্রযোজ্য ক্ষেত্রে)।

৪। ছাড়কৃত অর্থ উপরে বর্ণিত কার্যক্রম ব্যতিত অন্য কোনো কাজে ব্যয় করা যাবে না। সংশ্লিষ্ট সিটি কর্পোরেশনের প্রশাসক/ মেয়র/প্রধান নির্বাহী কর্মকর্তা মঞ্জুরীকৃত অর্থের আয়ন-ব্যয়ন কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন। তিনি এ অর্থ ব্যয়ে প্রচলিত নিয়মাচার ও আর্থিক বিধি-বিধান পালন করবেন।

২৬/১১/২০২৫
(মাহবুবা আইরিন)
যুগ্মসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

নম্বর: ৪৬.০০.০০০০.০৭০.০২.০০৫.২১-১০৬৮(১/১৫)

তারিখ: ০৮ অগ্রহায়ণ ১৪৩২ / ২৩ নভেম্বর ২০২৫

**সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-**

১. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় [দৃ. আ. উপসচিব (বাজেট-১১ শাখা)];
২. সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ/কার্যক্রম বিভাগ, পরিকল্পনা কমিশন, শেরেবাংলা নগর, ঢাকা;
৩. অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন অনুবিভাগ)/মহাপরিচালক (পমূপ), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা;
৪. যুগ্মসচিব (নগর উন্নয়ন-১/পরিকল্পনা অধিশাখা), স্থানীয় সরকার বিভাগ, ঢাকা;
৫. উপদেষ্টার একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় অবগতির জন্য);
৬. প্রধান নির্বাহী কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর;
৭. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৮. প্রশাসকের একান্ত সচিব, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর;
৯. সিস্টেম এনালিস্ট, স্থানীয় সরকার বিভাগ (জি.ওটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
১০. হিসাবরক্ষণ কর্মকর্তা, রংপুর সিটি কর্পোরেশন, রংপুর;
১১. অফিস কপি।

২৬/১১/২০২৫
(মাহবুবা আইরিন)
যুগ্মসচিব